



নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড,
নারায়ণগঞ্জ



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

২৮ এপ্রিল ২০২০ খ্রিঃ

মেয়র এর বার্তা

প্রিয় নগরবাসী,

আসসালামু আলাইকুম, করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে সারা বিশ্ব আজ লক-ডাউন অবস্থায় রয়েছে। বাংলাদেশের প্রায় সকল জেলায় এ সংক্রমণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। আপনারা জানেন যে, আইইডিসিআর, নারায়ণগঞ্জ কে করোনা ভাইরাসের ক্লাস্টার এরিয়া হিসাবে চিহ্নিত করেছে। সর্বশেষ তথ্য অনুযায়ী আমাদের নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে এ পর্যন্ত ৪৫১ জন মানুষ করোনায় আক্রান্ত হয়েছে এবং ২৮ জন আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছে। মৃত্যুবরণকারী সকলের রুহের মাগফিরাত কামনা করছি এবং পরিবারের সকলের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি।

সম্মানিত নগরবাসী,

এ রোগের প্রতিষেধক আবিষ্কৃত না হওয়া পর্যন্ত আমাদের অত্যন্ত ধৈর্য ও সাহসিকতার সাথে এ পরিস্থিতি মোকাবেলা করতে হবে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এ পরিস্থিতি মোকাবেলায় সর্বাঙ্গিক চেষ্টা করে যাচ্ছে। আমাদের স্থাপিত কন্ট্রোলরুম প্রতিদিন তথ্যসেবা দিয়ে যাচ্ছে। তিনটি অঞ্চলের জন্য পৃথক ০৩ টি মেডিকেল টিম নিয়মিত টেলিফোনের মাধ্যমে স্বাস্থ্যসেবা সহ বাড়ি-বাড়ি গিয়ে নমুনা সংগ্রহের কাজ করছে। এ পর্যন্ত আমাদের মেডিকেল টিমের মাধ্যমে ৫১১ জনের নমুনা সংগ্রহ করা হয়েছে যার মধ্যে ১২৯ জনের করোনা পজেটিভ চিহ্নিত হয়েছে। আমরা লাশ দাফন-কাফন/সংকারের জন্য প্রতিটি ওয়ার্ডে কমিটি গঠন করছি। ইতোমধ্যে কাউন্সিলরদের সহযোগিতায় সিটি কর্পোরেশনের সার্বিক ব্যবস্থাপনায় লাশ দাফন-কাফন / সংকার কাজ করা হচ্ছে। নগরীতে নিয়মিত জীবানুনাশক পানি ছিটানো হচ্ছে। পরিষ্কার-পরিচ্ছন্ন ও মশক নিধন কার্যক্রম অব্যাহত রয়েছে। সচেতনতামূলক প্রচারণা চলমান রয়েছে।

প্রিয় নগরবাসী,

আমি জানি লক-ডাউন অবস্থায় আপনারা অনেকেই মানবেতর জীবন-যাপন করছেন। বিশেষ করে কর্মহীন দিন মজুর, রিকসা-ভ্যান চালক, হকার, গার্মেন্টস কর্মী ভাই-বোনেরা অনেক কষ্টে রয়েছেন। কিন্তু মহামারি এই ভাইরাস থেকে বেঁচে থাকার উপায় নিজ ঘরে থাকা। নিজে সচেতন থাকুন অন্যকে সংক্রমণ রোধে বিরত রাখুন। তাই আপনারা বিনীতভাবে অনুরোধ করছি, আপনারা ঘরে থাকুন, বিশেষ প্রয়োজন ছাড়া ঘর থেকে বের হবেন না। সরকারী নির্দেশনা মেনে চলুন। আপনারা যাতে অনাহারে না থাকেন তার জন্য বাংলাদেশ সরকারের পাশাপাশি অনেক জনপ্রতিনিধি, বিভিন্ন রাজনৈতিক/সামাজিক ব্যক্তিবর্গ সহায়তা করে যাচ্ছে। আমাদের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠিকে সহায়তা করার জন্য বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান সাহায্যের হাত বাড়িয়েছেন। আমি সকলের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। আমরা ইতোমধ্যে সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডের ৩৬ জন কাউন্সিলরদের সহযোগিতায় প্রায় ১,০৮,০০০ (এক লক্ষ আট হাজার) দুঃস্থ, হতদরিদ্র মানুষের তালিকা প্রস্তুত করেছি এবং কাউন্সিলরদের মাধ্যমে চাহিদা অনুযায়ী নতুন করে আরও এই তালিকায় যুক্ত করছি।

মাননীয় প্রধানমন্ত্রীর মানবিক সহায়তা কর্মসূচির আওতায় গত ২৬ মার্চ থেকে ২৮ এপ্রিল ২০২০ খ্রিঃ পর্যন্ত মোট ৪১০.৮২ মে.টন চাল ও আনুষঙ্গিক খাদ্যসামগ্রী ও শিশুখাদ্য ক্রয়ের জন্য ১৯,৫৯,৮০০/- (উনিশ লক্ষ ঊনষাট হাজার আটশত) টাকা স্বল্প আয়, দুঃস্থ ও কর্মহীন মানুষের মাঝে বিতরণের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দের চালের সাথে আনুষঙ্গিক খাদ্য সামগ্রী ক্রয় করে তালিকায় অগ্রাধিকার ভিত্তিতে ৪১০৮২ টি পরিবার কে খাদ্য সরবরাহসহ ৮৫০ টি পরিবার কে শিশুখাদ্য কাউন্সিলর এবং সিটি কর্পোরেশনের কর্মকর্তার মাধ্যমে সরকারী নির্দেশনা মেনে খাদ্য সরবরাহ করেছি। ইতোমধ্যে আরো ৮০ মে.টন চাল বরাদ্দ পাওয়া গিয়েছে যা উত্তোলন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এ কার্যক্রম অব্যাহত থাকবে।

সম্মানিত নগরবাসী,

ইতোমধ্যে সকল কাউন্সিলর এবং কর্মকর্তা-কর্মচারীগণ ও পরিচ্ছন্ন কর্মীদের ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী সরবরাহ করা হয়েছে। এ পরিস্থিতি মোকাবেলায় আমাদের সকল কাউন্সিলর এবং কর্মকর্তা-কর্মচারীগণ ভাইরাস আক্রান্তের ঝুঁকি নিয়ে দিন-রাত নিরলসভাবে সেবা দিয়ে যাচ্ছে। তাই আপনারা কাছের অনুরোধ, আপনারা ধৈর্যের সাথে আমাদের সহযোগিতা করুন এবং দায়িত্বশীল আচরণের মাধ্যমে সকলকে কাজে উদ্বুদ্ধ করুন।

প্রিয় ধর্মপ্রাণ মুসলমান ভাই-বোনেরা,

মুসলমানদের জন্য রমজান মাস অত্যন্ত তাৎপর্যপূর্ণ। বিশ্ব মানবতার নবী হযরত মোহাম্মদ (সাঃ) আমাদের শিক্ষা দিয়েছেন মানব সেবাই পরম ধর্ম। আমরা সকলে মানবিক আচরণের মাধ্যমে সামর্থ্য অনুযায়ী মানুষের পাশে দাঁড়াই। এই মাসে মহান রাক্বুল আলামীন জাহান্নামের শান্তি বন্ধ রাখেন। ইনশাআল্লাহ আমাদের এ বিপদ থেকেও রক্ষা করবেন। তাই আসুন আমরা সকলে মিলে এবাদতের মাধ্যমে মহান আল্লাহ রাক্বুল আলামিন এর কাছে এ মহামারি থেকে মুক্তির জন্য প্রার্থনা করি এবং মহান আল্লাহ তায়ালা আমাদের সকল-কে রহমত, মাগফিরাত ও নাজাত নসিব করুক। আপনারা সবাই ঘরে থাকুন এবং করোনা সংক্রমণ রোধে সামাজিক দূরত্ব বজায় রাখুন।

আল্লাহ সকলের মঞ্জল করুক।

ডা. সেলিনা হায়াৎ আইভী

মেয়র

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন